76

দৈনিক বাংলা দৈনিক বাংলা

তারিখ ... 15 JUL 1997 ...
পৃষ্ঠা ২ কলাম ... ৬ ....

# ঢাকা ভার্সিটির পরীক্ষা স্থগিত

স্টাফ রিপোর্টার ঃ আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠেয় বার্ষিক কোর্স পদ্ধতির সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনিবার্য কারণবশত এই পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। পরীক্ষার সময়সূচীর অন্যান্য অংশ অপরিবর্তীত থাকবে।

## ইউসিসের 'প্রি-ডিপারচার ওরিয়েন্টেশন ২২ জুলাই

১৯৯৭ সালের শরৎকালীন শিক্ষা বছরের জন্যে যে সব বাংলাদেশী ছাত্র আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছেন, তাদের জন্যে নির্ধারিত 'প্রি-ডিপারচার ওরিয়েন্টেশন' আজ মঙ্গলবার, ১৫ জুলাইয়ের পরিবর্তে আগামী ২২ জুলাই অনুষ্ঠিত হবে। ঢাকাস্থ গুলশানের ৬৯ নম্বর সড়কের ১৩ নম্বর বাড়িতে অবস্থিত আমেরিকান রিক্রিয়েশন ক্লাবের বোগেনভিলিয়া কক্ষে সকাল ন'টা থেকে দুপুর একটা পর্যন্ত এই 'ওরিয়েন্টেশন' কর্মসূচী চলবে। যে সব ছাত্র ইতিমধ্যে আমেরিকার ভিসা পেয়েছেন, তাদেরকে এই অনুষ্ঠানে যোগদানের জন্যে আমন্ত্রণ জানানো হয়েছে। এই সম্পর্কিত তথ্যাদি জানার জন্যে সংশ্লিষ্ট ছাত্রবৃন্দ ইউসিসের শিক্ষা বিষয়ক উপদেষ্টার সঙ্গে ৮৭৩৪৪০-৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা সরাসরি ইউসিস অফিসে আসতে পারেন (ঠিকানা ঃ মোমেনশাহী হাউস, বাসা নং ১১০, সড়ক ২৭, বনানী)। সোমবার ইউসিসের প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।